

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ১৬টি প্রতিষ্ঠানকে ৪২.০০ হাজার টাকা জরিমানা

২৮ জুনাই ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ২ জন কর্মকর্তার নেতৃত্বে বরিশাল ও কক্ষবাজারে আজ বাজার তদারকি করা হয়।

বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়ার নেতৃত্বে বরিশালের কোতয়ালী থানা এলাকায় ৪টি প্রতিষ্ঠানকে ১১,০০০/- (এগার হাজার) টাকা ও কক্ষবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ফয়েজ উল্লাহর নেতৃত্বে কক্ষবাজার সদর উপজেলায় ৬টি প্রতিষ্ঠানকে ১৮,০০০/- (আটার হাজার) টাকাসহ মোট ২৯,০০০/- (উন্নিশ হাজার) টাকা অস্থান্ত্রকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, মূল্যের তালিকা প্রদর্শন না করা, খাদ্য পণ্যে নিষিক্র দ্রব্যের মিশ্রণ, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয় ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রিনা বেগম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ম্যাগপাই রেস্টুরেন্টকে $(3,000/- + 3,000/-) = 6,000/-$ (ছয় হাজার) টাকা ও একই অপরাধে Zoytun Restaurant এবং গোল্ডেন স্পুনকে যথাক্রমে ১,০০০/- (এক হাজার) টাকা ও ২,০০০/- (দুই হাজার) টাকাসহ মোট ৩,০০০/- (নয় হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৪ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ২,২৫০/- (দুই হাজার দুইশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Al-Amar কে ২,০০০/- (দুই হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ৫০০/- (পাঁচশত) টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনী কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে নিউ লিড ফার্মাকে ২,০০০/- (দুই হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ৫০০/- (পাঁচশত) টাকা প্রদান করা হয়।

আজকের ২টি বাজার তদারকি ও অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ১৬টি প্রতিষ্ঠানকে মোট ৪২,০০০/- (বিয়ালিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে ৬ জন অভিযোগকারীকে মৎ ৩,২৫০/- (তিন হাজার দুইশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, চট্টগ্রাম ও বরিশাল মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, কক্ষবাজার ও বরিশাল।
- ৭। পুলিশ সুপার, কক্ষবাজার ও বরিশাল।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ন, উত্তরা, ঢাকা।